



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২১ ডিসেম্বর' ২০২৩

### তারের জঙ্গল সরাতে চান চট্টগ্রামের মেয়র রেজাউল

তারের জঙ্গলে ম্লান হওয়া চট্টগ্রামের সৌন্দর্য ফেরাতে চান চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

এজন্য করণীয় নির্ধারণে বৃহস্পতিবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে ডিশ ও ইন্টারনেট সংযোগ প্রদানকারী বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠান ও সংগঠনের প্রতিনিধিদের সাথে সভা করেন মেয়র। সভায় প্রতিনিধিরা সংশ্লিষ্টদের মতামত নিয়ে এ সমস্যা সমাধানের উদ্দেশ্যে নেয়া মেয়র রেজাউলকে ধন্যবাদ জানান।

এসময় মেয়র বলেন, বাণিজ্যিক নগরী হিসেবে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে চট্টগ্রামের যে গুরুত্ব আছে তা ম্লান হয়ে যাচ্ছে তারের জঙ্গলের জন্য। নগরীর সৌন্দর্য ও নিরাপত্তার স্বার্থে শৃঙ্খলা প্রতিষ্ঠার মাধ্যমে তারের জঙ্গল অপসারণ করতে চাই।

“সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ডিশ, ইন্টারনেট সংযোগ ক্যাবল ব্যবস্থাপনা হলে বৈদ্যুতিক পিলারে দুর্ঘটনা কমবে, শহরের সৌন্দর্য বাড়বে আবার তার কাটা ও চুরি রোধ হওয়ায় ব্যবসায়ীরাও লাভবান হবে। আজকে প্রাণ্ত মতামতগুলো বিবেচনার পাশাপাশি নির্বাচনের পর ১৫ জানুয়ারি, সোমবার আবারো এ বিষয়ে মতবিনিময়ের সভা করব আমরা। তবে এই কাজটি চ্যালেঞ্জিং তাই সবার মতামতের ভিত্তিতে সবাইকে সাথে নিয়ে পহেলা ফেব্রুয়ারী থেকে এ সমস্যা সমাধানে মাঠপর্যায়ে কাজ শুরু করতে চাই।”

সভায় চসিকের পরিবেশ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর শৈবাল দাস সুমন তারের জঙ্গল অপসারণে ক্যাবল ট্রে ব্যবহারের পরামর্শ দেন। লালখানবাজার ওয়ার্ডে পরীক্ষামূলকভাবে ড্রেনেজ ব্যবস্থাকে কাজে লাগিয়ে ভূ-গর্ভস্থ কেবল নেটওয়ার্ক গড়ে তোলার জন্য কাজ চলছে বলে জানান পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর আবুল হাসনাত মো. বেলাল।

চসিকের সচিব খালেদ মাহমুদের সভাপতিত্বে সভায় আরো উপস্থিত ছিলেন মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, সহকারী স্থপতি আবদুল্লাহ আল ওমরসহ সংশ্লিষ্ট ব্যবসায়ী প্রতিনিধিবৃন্দ।

### শক্তিশালী অর্থনীতির জন্য চাই নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন: মেয়র রেজাউল

দেশের অর্থনীতিকে শক্তিশালী এবং যে কোন আঘাতেও সুদৃঢ় রাখতে নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন জরুরি বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে সঞ্চয় ও খণ কার্যক্রম পরিচালন ও প্রকল্পের কার্যক্রম স্থায়ীভাবে চলমান রাখার কৌশল উত্তোলন বিষয়ক কর্মশালায় এ মন্তব্য করেন মেয়র।

মেয়র বলেন, দেশের অর্ধেক জনগোষ্ঠী নারী হওয়ায়, নারীদের উন্নয়ন ছাড়া কোন উন্নয়ন পরিকল্পনাই টেকসই হবেন। নারীদের জীবনের মানোন্নয়নে সরকার ব্যাপক বিনিয়োগ করায় করোনা মহামারী এবং ইউক্রেন-রাশিয়া যুদ্ধের মতো বড় দুটি বৈশ্বিক আঘাত আমদের অর্থনীতি বেশ ভালোভাবে মোকাবিলা করেছে।

“অর্থনৈতিক অন্তর্ভুক্তি বাড়লে দেশের অর্থনীতির আকার জালের মতো বিস্তৃত হয়ে পড়ে। বৈশ্বিক যে কোন অস্ত্রিতাও অর্থনীতিকে সুদৃঢ় অবস্থানে রাখতে হলে নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নের মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ডের পরিধি বৃদ্ধি করতে হবে। তাহলে, যে কোন আন্তর্জাতিক যুদ্ধ বা, অর্থনৈতিক ধ্বসকে মোকাবিলা করার জন্য অভ্যন্তরীণ সক্ষমতা বৃদ্ধি পাবে “

নারীদের উন্নয়নে চিসিক কাজ করছে মন্তব্য করে মেয়ার বলেন, আমরা শিক্ষা ও স্বাস্থ্যথাতে তর্তুকি প্রদান করে চট্টগ্রামের নারীদের মানবসম্পদে রূপান্তর করছি। ভবিষ্যতে, নারীদের জন্য টেকনিকাল শিক্ষার প্রতিষ্ঠান চালুর জন্যও কাজ করছি। যাতে নারীদের বিভিন্ন কারিগরি দিকে দক্ষ হিসেবে গড়ে তাদেরকে শোভন পেশায় অংশ নেয়ার সুযোগ বাড়ে।”

চিসিক সচিব খালেদ মাহমুদের সভাপতিত্বে সভায় আরো উপস্থিত ছিলেন কাউপিলর গাজী মোঃ শফিউল আজিম, মোঃ নূরুল আলম, কাউপিলর মো। ইলিয়াস, পুলক খান্তগীর, সহকারী স্থপতি আবদুল্লাহ আল ওমর, বন্তি উন্নয়ন কর্মকর্তা মঙ্গল হোসেন আলী চৌধুরী, ইউএনডিপির টাউন ম্যানেজার সরোয়ার হোসেন খানসহ প্রকল্পের সুবিধাভোগীরা।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮